

বীমা কর্পোরেশন আইন, ২০১৯

(২০১৯ সনের ৮ নং আইন)

Insurance Corporations Act, 1973 রহিতক্রমে উহা
পরিমার্জনপূর্বক সময়োপযোগী করিয়া নূতনভাবে প্রণয়নের উদ্দেশ্যে প্রণীত
আইন

যেহেতু Insurance Corporations Act, 1973 রহিতক্রমে উহা পরিমার্জনপূর্বক
সময়োপযোগী করিয়া নূতনভাবে প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল : -

সংক্ষিপ্ত
শিরোনাম ও
প্রবর্তন

১। (১) এই আইন বীমা কর্পোরেশন আইন, ২০১৯ নামে অভিহিত
হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

সংজ্ঞা

২। (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে এই
আইনে, -

(ক) “আর্থিক বিবরণী” অর্থ অন্তর্বর্তীকালীন
বা চূড়ান্ত স্থিতিপত্র, আয় বিবরণী বা লাভ ও
লোকসান হিসাব, ইকুইটি পরিবর্তনের
বিবরণী, নগদ প্রবাহ বিবরণী, টীকা ও
অপরাপর বিবরণী ও ইহাদের উপর
ব্যাখ্যামূলক বিবৃতি;

(খ) “কর্পোরেশন” অর্থ জীবন বীমা কর্পোরেশন এবং সাধারণ বীমা কর্পোরেশন;

(গ) “কর্তৃপক্ষ” অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এর অধীন প্রতিষ্ঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;

(ঘ) “চেয়ারম্যান” অর্থ বোর্ডের চেয়ারম্যান;

(ঙ) “পরিচালক” অর্থ বোর্ডের পরিচালক;

(চ) “প্রবিধান” অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(ছ) “ব্যবস্থাপনা পরিচালক” অর্থ জীবনবীমা ও সাধারণবীমা কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক;

(জ) “ব্যক্তি” অর্থ প্রাকৃতিক ব্যক্তিসত্তাবিশিষ্ট একক ব্যক্তি (individual), কোনো প্রতিষ্ঠান, কোম্পানি, অংশীদারী কারবার, ফার্ম বা অন্য যে কোনো সংস্থাও উহার অন্তর্ভুক্ত হইবে;

(ঝ) “বোর্ড” অর্থ ধারা ৯ এর অধীন প্রতিষ্ঠিত
কর্পোরেশনের পরিচালনা বোর্ড;

(ঞ) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত
বিধি; এবং

(ট) “বীমাকারী” অর্থ বীমা আইন, ২০১০
(২০১০ সনের ১৩ নং আইন) এর ধারা ২ এর
দফা (২৫) এ সংজ্ঞায়িত বীমাকারী।

(২) এই আইনে যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয়
নাই, সেই সকল শব্দ ও অভিব্যক্তি বীমা আইন, ২০১০ (২০১০
সনের ১৩ নং আইন) এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন,
২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এ যে অর্থে ব্যবহৃত হইয়াছে
সেই অর্থে ব্যবহৃত হইবে।

অন্যান্য
আইনের
প্রযোজ্যতা

৩। কর্পোরেশনের ক্ষেত্রে নিম্নবর্ণিত আইন বা আইনের কতিপয়
বিধান, যতদূর সম্ভব, প্রযোজ্য হইবে, যথা : -

(ক) বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন,
২০১০; এবং

(খ) বীমা আইন, ২০১০ এর ধারা ৪, ধারা ৯-১৫,
ধারা ২১-২৫, ধারা ৪২, ধারা ৪৩ এর উপ-ধারা
(৪) এর “এবং উক্ত ক্ষেত্রে এই আইনের ধারা
৯৫ এর বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করিতে
হইবে” অংশ, ধারা ৪৮ এর উপ-ধারা (৭) এর

দফা (খ) ও (গ), ধারা ৫০ এর উপ-ধারা (১) এর
 দফা (খ), ধারা ৫২-৫৫, ধারা ৭৬-৮১, ধারা ৮২
 এর উপ-ধারা (২), ধারা ৮৩, ধারা ৯৫-১১২
 এবং ধারা ১২৫ ব্যতীত অন্যান্য ধারা।

কর্পোরেশন প্রতিষ্ঠা

৪। (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, Insurance Corporations Act, 1973 (Act No. VI of 1973) এর অধীন প্রতিষ্ঠিত জীবন বীমা কর্পোরেশন এবং সাধারণ বীমা কর্পোরেশন এমনভাবে বহাল থাকিবে যেন উক্ত কর্পোরেশন দুইটি এই আইনের অধীন প্রতিষ্ঠিত হইয়াছে।

(২) কর্পোরেশন একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং উহার স্থায়ী ধারাবাহিকতা ও সাধারণ একটি সিলমোহর থাকিবে এবং এই আইন বা তদধীন প্রণীত বিধি বা প্রবিধান সাপেক্ষে, ইহার স্থাবর বা অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং উহা স্বীয় নামে মামলা দায়ের করিতে পারিবে এবং উহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

মূলধন

৫। (১) জীবন বীমা কর্পোরেশনের অনুমোদিত মূলধন হইবে ৩০০ (তিনশত) কোটি টাকা এবং পরিশোধিত মূলধন হইবে ৩০ (ত্রিশ) কোটি টাকা।

(২) সাধারণ বীমা কর্পোরেশনের অনুমোদিত মূলধন হইবে ১০০০ (এক হাজার) কোটি টাকা এবং পরিশোধিত মূলধন হইবে ৫০০ (পাঁচশত) কোটি টাকা।

(৩) উপ-ধারা (১) ও (২) এ যাহা কিছুই থাকুক না কেন, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, উপ-ধারা (১) ও (২) এ বর্ণিত অনুমোদিত বা পরিশোধিত মূলধনের পরিমাণ পরিবর্তন এবং উৎস

**কর্পোরেশনের
কার্যালয়**

৬। কর্পোরেশনের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে, এবং কর্পোরেশন, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশের অভ্যন্তরে বা বাহিরে উহার এক বা একাধিক শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

**কর্পোরেশনের
ক্ষমতা ও
কার্যাবলি**

৭। কর্পোরেশনের ক্ষমতা ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা : -

(ক) বাংলাদেশে এবং বাংলাদেশের বাহিরে -

(অ) জীবন বীমা কর্পোরেশন কর্তৃক, বীমা আইন, ২০১০ এ বর্ণিত সকল প্রকার লাইফ বীমা ও এতদসংক্রান্ত পুনঃবীমা ব্যবসা পরিচালনা করা; এবং

(আ) সাধারণ বীমা কর্পোরেশন কর্তৃক, বীমা আইন, ২০১০ এ বর্ণিত সকল প্রকার নন-লাইফ বীমা এবং এতদসংক্রান্ত পুনঃবীমা ব্যবসা পরিচালনা করা;

(খ) ব্যবসা পরিচালনার উদ্দেশ্যে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কোনো স্থাবর সম্পত্তি অর্জন, ধারণ এবং হস্তান্তর করা;